আলমডাঙ্গায় চায়না বান ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

আলমডাঙ্গা ফুটবল একাডেমির আয়োজনে “চায়না বান ফুটবল টুর্নামেন্ট” এর উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার বিকেল ৩টার দিকে আলমডাঙ্গা এটিম মাঠে টুর্নামেন্টের উদ্বোধন করেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শেখ মেহেদী ইসলাম।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ইউএনও শেখ মেহেদী ইসলাম বলেন, যুব সমাজকে মাদকের আগ্রাসন থেকে রক্ষা করতে হলে খেলাধুলার প্রতি আগ্রহী করে তুলতে হবে। মাঠে খেলাধুলা শরীরচর্চার পাশাপাশি জীবনে আনে সৃজনশীলতা, মেধা ও অদম্য সাহস।

উদ্বোধনী খেলায় অংশ নেয় কালিদাসপুর লাভ স্টার ক্লাব ও বারাদী ইউনিয়ন ফুটবল একাদশ। নির্ধারিত সময়ে ১-১ গোলে ড্র হওয়ার পর ট্রাইব্রেকারে ১-০ গোলে বারাদী ইউনিয়ন ফুটবল একাদশকে পরাজিত করে কালিদাসপুর লাভ স্টার ক্লাব।

টুর্নামেন্টের উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ইকবাল হোসেন, সাবেক ফুটবলার শওকত আলী, শরিফুল ইসলাম, ইউছুব আলী, রঞ্জু, মিজানুর রহমান, মীর উজ্জ্বল, মণ্ডল প্রমুখ।